ভোরের কাগজ

তারিখ JUL 2 0 1999

পৃঃ ৪ কলাম 2

81

## কৃষি শিক্ষক-শিক্ষিকা প্রসঙ্গে

গত ১০/৭/৯৯ ভোরের কাগজ-এর চিঠি বিভাগে ছাপানো মোঃ আলী আজগরের লেখাটি আমার দৃষ্টিগোচর হয়েছে। তিনি মাধ্যমিক বিদ্যালয়সমূহে কৃষি শিক্ষক-শিক্ষিকা নিয়োগে শিক্ষাগত যোগ্যতা কৃষি ডিপ্লোমা/বিএসএড-এর পাশাপশি বিএসসি এজি ডিগ্রিধারীদের নিয়োগদানের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের কাছে অনুরোধ জানিয়েছেন। কিন্তু তিনি বোধ হয় কৃষি ডিপ্লোমা বিএসএড-এর সঙ্গে বিএসসি এজি ডিগ্রির মধ্যে পার্থক্য জানেন না। বিএসসি এজি ৪ বছরের কোর্স সাধারণ কলেজ, বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর ডিগ্রির সমতুল্য। বিএসসি এজি যদি স্কুল শিক্ষক হিসেবে নিয়োগ দান করা হয় তখন কৃষি ডিপ্লোমা/বিএসএড-এর কোনো গুরুত্ব থাকবে না। ডিপ্লোমা/বিএসএডদের লাঙল নিয়ে জমি চাষ করতে মাঠে নেমে যেতে হবে।

এখন তো তবু বিএসসি (জীব)-এর পাশাপাশি কৃষি ডিপ্লোমাধারীরা চাকরি পাচ্ছেন তখন তো বিএসসি এজি ছাড়া আর কেউ স্কুলে কৃষি শিক্ষক হিসেবে নিয়োগ পাবেন না।

রাশেদুল আলম
পটুয়াখালী কৃষি কলেজ
দুমকী, পটুয়াখালী